

💵 শুতাবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৪৯. নেতার আনুগত্য করা

নেতার আনুগত্য করাও ঈমানের অন্যতম দাবী। আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন,

أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنكُمْ

তোমরা আল্লাহর আনুগত্য কর, রাসূলের আনুগত্য কর এবং তোমাদের মধ্যে যারা নির্দেশ দেবার অধিকারী তাদের আনুগত্য কর।[১]

আবু হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত হাদীসে বলা হয়েছে, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

من أطاعني فقد أطاع الله. ومن يعصني فقد عصى الله. ومن يطع الأمير فقد أطاعني. ومن يعص الأمير فقد عصاني

যে ব্যক্তি আমার আনুগত্য করলো সে প্রকারান্তরে আল্লাহর আনুগত্য করলো, তেমনিভাবে যে আমার অবাধ্য হলো সে যেন আল্লাহর অবাধ্য হলো। আর যে আমীরের আনুগত্য করলো সে যেন আমারই আনুগত্য করলো, যে ব্যক্তি আমীরের অবাধ্য হলো সে প্রকারান্তরে আমারই অবাধ্য হলো।[২]

আবু যার (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ (সা.) তাকে লক্ষ্য করে বলেছেন,

يا أبا ذر اسمع وأطع ولو عبداً حبشيا مجدع الأطراف

হে আবু যার! শুনবে এবং মানবে। যদি কালো কুৎসিত এবং এবড়ো থেবড়ো মাথাবিশিষ্ট হাবশী (তোমাদের নেতা) হয় তবু।[৩]

ফুটনোট

- [১]. সূরা আন নিসা, আয়াত : ৫৯।
- [২]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।
- [৩]. ইমাম বাইহাকী নিজস্ব সনদে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12347

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন